গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

**জুন ২০২৩ মাসের অনুষ্ঠিত উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ শাহরিয়ার রহমান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।
সভার তারিখ ও সময় : ১২ জুন ২০২৩ সকাল ১২:০০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ ঃ পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। উপস্থিত সদস্যগণকে আইন-শৃঙ্খলা বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

| গৃহীত সিদ্ধান্ত সংখ্যা | বাস্তবায়িত সিদ্ধান্ত সংখ্যা | সিদ্ধান্ত বাস্তবায়নের হার | মন্তব্য |
|---|---|---|---|
| ১৫ | | | |

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১ | **মে ২০২৩ মাসে রুজুকৃত মামলার তথ্য:** মে ২০২৩ মাসে হরিরামপুর থানায় রুজুকৃত মামলার সংখ্যা ০৭টি। এর মধ্যে ইভটিজিং মামলা ৩টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে, নারী ও শিশু নির্যাতন দমন আইন ও পেনাল কোড আইনে মোট ৪টি মামলা হয়েছে। ০৬টি মামলার তদন্তের চার্জশিট আদালতে প্রেরণ করা হয়েছে। এপ্রিল ২০২৩ মাসে মামলার সংখ্যা ছিল ০৬টি। | ক) আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখায় উপজেলা আইনশৃঙ্খলা কমিটির পক্ষ হতে অফিসার ইনচার্জ হরিরামপুর থানাকে ধন্যবাদ জানানো হয়<br>খ) রুজুকৃত মামলার চার্জশিট দ্রুত আদালতে প্রেরনের জন্য বলা হয়। | অফিসার ইনচার্জ |
| ০২ | **মে ২০২৩ মাসে মোবাইল কোর্টের তথ্য:** মে/২৩ মাসে মোবাইল কোর্টে মামলার সংখ্যা ১২টি, জরিমানা আদায় করা হয়েছে ১,০৯,৮০০/- (~~বিয়াল্লিশ হাজার নয়শত~~) টাকা। ০৩/০৫/২০২৩ ইং তারিখে ঝিটকা গার্লস স্কুল মোড়ে মোবাইল কোর্ট করে ৪টি মামলা করা হয়। পরীক্ষা চলাকালীন সময়ে ফটোকপিয়ার মেশিন খোলা ছিল, ৪টি মামলায় ৮০০ টাকা জরিমানা করা হয়। বালি ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ অনুযায়ী বলড়া কোকরহাটিতে ১টি মামলা করা হয়। সেখানে ১,০০,০০০ টাকা আর্থিক জরিমানা করা হয়। পন্যের পাটজাত দ্রব্য মোড়ক বাধ্যতামূলক ব্যবহার আইন ২০১০ মোতাবেক ঝিটকা বাজারে একটি দোকানে ১৫/০৫/২০২৩ তারিখে মোবাইল কোর্ট করা হয় এবং ২০০০ টাকা জরিমানা করা হয়। সাপাইর এলাকায় দন্ডবিধি ১৮৬০ এ মোবাইল কোর্ট করে ১৫০০ টাকা জরিমানা করা হয়। এছাড়াও ২৫/০৫/২০২৩ তারিখ মৎস্য রক্ষা ও সড়ক পরিবহন আইনে ৫টি মামলা দায়ের করে ৫৫০০ টাকা জরিমানা আদায় করা হয়। | গ) উপজেলার সার্বিক পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে। | ক)উপজেলা নির্বাহী অফিসার<br>খ)সহকারী কমিশনার (ভূমি) |
| ০৩ | **আইনশৃঙ্খলা পরিস্থিতি:** উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রতি ইউনিয়নের সংযোগস্থলে নাইট ভিশন ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। প্রতিটি বর্ডারে অন্তত ৪টি করে ক্যামেরা স্থাপন করা প্রয়োজন। হ্যালোবাইক চালকগণ অল্প বয়সের, ড্রাইভারের নেই কোন বৈধতা, নেই কোন প্রশিক্ষণ, রাস্তাঘাটে নিয়মবহির্ভূত গাড়ী চালায়। ফলে দূর্ঘটনা ঘটলে ড্রাইভারদের সনাক্ত করা যায় না। হ্যালোবাইকের ডাটাবেজ থাকা দরকার এবং বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ড্রাইভারদের প্রশিক্ষণ দেয়া হবে। হ্যালোবাইক চালকদের বয়স নির্ধারণ করে দেয়া প্রয়োজন হ্যালোবাইকের রেজিস্ট্রেশন করতে হবে। হ্যালোবাইকচালকগন ইচ্ছামত ভাড়া বাড়িয়ে দেয়। | ঘ) প্রতি ইউনিয়নের সংযোগস্থলে ও প্রতিটি বর্ডারে সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হবে<br>ঙ) হ্যালোবাইকের বৈধতার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য বলা হয়। | উপজেলা নির্বাহী অফিসার<br>চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) |

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।

| | | | |
|---|---|---|---|
| ০৪ | এপ্রিল/২৩ মাসে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক প্রবেশনপ্রাপ্ত ১৩ জন আসামী প্রবেশন অফিসার হরিরামপুর এর অধিনে আছেন। প্রবেশনপ্রাপ্ত আসামীদের নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। এর মধ্যে ০৩ (তিন) জন প্রবেশনারের চূড়ান্ত প্রতিবেদন প্রেরণ করা হয়েছে। পরবর্তী ধার্য্য তারিখে তারা বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক (সংশ্লিষ্ট মামলায় বর্ণিত অভিযোগ নিষ্পত্তি হিসেবে গণ্য করে) সাজা হতে রেহাই হতে পারেন। গতমাস পর্যন্ত মানিকগঞ্জ জেলা কারাগারে অত্র উপজেলার ০১ (এক) জন শিশু/কিশোর আটক ছিল। তাকে বিজ্ঞ আদালতের আদেশ মোতাবেক কিশোর উন্নয়ন কেন্দ্রে প্রেরণ করা হয়েছে। | চ)প্রবেশনপ্রাপ্ত আসামীদের তত্ত্বাবধানে রেখে নিয়মিত পরিদর্শন প্রতিবেদন প্রেরণের জন্য বলা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ০৫ | আজিমনগর, লেছড়াগঞ্জ ও সুতালড়ী ইউনিয়নে ঈদ উল আযহা উপলক্ষ্যে অধিক পরিমাণ গরু পালন করে। ঈদ সিজনে অনেক টাকা আয় হয়। গরু চুরি ও ডাকাতি রক্ষার্থে পদ্মা নদীতে টহল পুলিশ বৃদ্ধিসহ সকল জনপ্রতিনিধিদের বিশেষ সতর্ক থাকা দরকার। ট্রলার ও স্পিডবোর্ট সচল রাখা প্রয়োজন মর্মে জানান। | ছ) আজিমনগর, লেছড়াগঞ্জ ও সুতালড়ী ইউনিয়নে ঈদ উল আযহা উপলক্ষ্যে অধিক পরিমাণ গরু পালন করায় চুরি ডাকাতিরোধে টহল পুলিশ বৃদ্ধির সিদ্ধান্ত গৃহীত হয়। | ক)অফিসার ইনচার্জ |
| ০৬ | ঈদ উল ফিতর উদযাপন উপলক্ষ্যে ঈদের আগের দিন হতে পরের তিন দিন পর্যন্ত বহিরাগত অনেক লোকজন হরিরামপুরে বেড়াতে আসে। বেড়াতে এসে ১৪/১৫ বছরের ছেলেরা বেপরোয়াভাবে মটর সাইকেল চালায়। প্রতি মটর সাইকেলে ৩/৪ জন আরোহী থাকে। যার কারণে রাস্তা ঘাটে দূর্ঘটনার পরিমাণ বেড়ে যায়। ৩/৪ জন আরোহীসহ অল্প বয়সের ছেলেরা বেপরোয়া গাড়ী চালায়, এ বিষয়টি প্রতিরোধ করা জরুরি প্রয়োজন | জ)অল্প বয়সের ছেলেদের ৩/৪ জন আরোহীসহ বেপরোয়াভাবে মটর সাইকেল চালানো বন্ধ করতে জনসমাগম এলাকায় এবং রাস্তার মোড়ে মোড়ে টহল পুলিশসহ মোবাইল কোর্ট পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | ক) উপজেলা নির্বাহী অফিসার<br>খ) সহকারী কমিশনার (ভূমি)<br>গ) অফিসার ইনচার্জ |
| ০৭ | কাঞ্চনপুরে ইউনিয়নে কালিতলায় (মিনি কক্সবাজার) স্কুল চলাকালীন সময়ে ছাত্র ছাত্রী বেড়াতে আসে। কিছু বখাটে লোকজন তাদের বিরক্ত করে। | ঝ) কাঞ্চনপুরে কালিতলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে টহল পুলিশ বৃদ্ধি করা হবে। | অফিসার ইনচার্জ |
| ০৮ | বালিবাহি গাড়ীগুলোর (মাহিন্দ্র, ট্রলি, কাকড়া) গতি অনেক বেশি থাকে। যার কারণে দূর্ঘটনা বেশি ঘটে। এরুপ গাড়ীর সাথে দূর্ঘটনা ঘটলে আহতের চেয়ে নিহত বেশি হয়। বালিবাহি ট্রাকগুলির গতি সীমা বেধে দেওয়া প্রয়োজন। | ঞ) বালিবাহি গাড়ীগুলোর (মাহিন্দ্র, ট্রলি, কাকড়া) গতি নিয়ন্ত্রণের জন্য বলা | অফিসার ইনচার্জ |
| ০৯ | বলড়া ইউনিয়নের নয়ার হাট বাজার বহুল আলোচিত একটি বাজার। পবিত্র ঈদ উল আযহা উপলক্ষ্যে গরুর হাট আরো জোরদার করা হয়। এ সময় হাটে কিছু মলম পার্টি, চোর, ডাকাত ঘোরাফেরা করে। চুরি ডাকাতির ঘটনাও ঘটে। মলম পার্টি, চোর ও ডাকাত প্রতিরোধে টহল পুলিশ বৃদ্ধি করা প্রয়োজন | ট) নয়ার হাট বাজারে পবিত্র ঈদ উল আযহার গরুর হাট উপলক্ষ্যে টহল পুলিশ মোতায়েনের জন্য বলা হয়। | অফিসার ইনচার্জ |
| ১০ | হরিরামপুরে নোটারি পাবলিকের মাধ্যমে বাল্য বিবাহ হতে দেখা যাচ্ছে। গত মে মাসে হারুকান্দি ইউনিয়নে অনাকাঙ্খিত একটি ঘটনা ঘটেছিল। এলাকার লোকজন উত্তেজিত ছিল। কিন্তু মেয়ের বয়স ১৮ এর নীচে। প্রশাসনের পক্ষ হতে বাল্য বিবাহে সম্মত দেয়া সম্ভব হয় না। নোটারী পাবলিক আইনগত কোন বৈধতা নেই। হরিরামপুরে বাল্য বিবাহ ও নারী নির্যাতন প্রতিরোধে প্রতিনিয়ত উঠান বৈঠক ও জনসচেতনতামূলক কার্যক্রম চলমান। কোথাও বাল্য বিবাহ হতে থাকলে সঙ্গে সঙ্গে উপজেলা মহিলা | ঠ) নোটারি পাবলিকের বৈধতা সম্পর্কে জনগনকে সচেতন বৃদ্ধির বিষয়ে বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | বিষয়ক কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসারকে অবগত করার জন্য সকলের দৃষ্টি আকর্ষন করেন।<br>মে ২০২৩ মাসে মোট ৩টি উঠান বৈঠক করা হয়েছে। সর্বশেষ উঠান বৈঠক হয়েছে চালা ইউনিয়ন পরিষদে। উঠান বৈঠকে ডায়াবেটিস, প্রেসারসহ জনসচেতনতামূলক কার্যক্রম করা হয়। | ড) উঠান বৈঠকে বাল্য বিবাহের কুফল সম্পর্কে জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার জন্য বলা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা |
| ১১ | হরিরামপুর উপজেলায় ১৩টি ইউনিয়নে কিশোর কিশোরী ক্লাব সপ্তাহে ২দিন শুক্রবার ও শনিবার ক্লাস হয়। গান, সংগীত ও কবিতা আবৃতির ক্লাস হয়। ক্লাবগুলি সচল রয়েছে এবং নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ক্লাবগুলি পরিদর্শনের জন্য ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। ক্লাবগুলি তালিকা পরিশিষ্ট 'গ' উপস্থাপন করা হলো। | ঢ) গান, সংগীত ও কবিতা আবৃতির ক্লাস পরিপূর্ণতার জন্য কিশোর কিশোরী ক্লাবের বিষয়ে দৃষ্টি দিতে হবে | |
| ১২ | ঝিটকা বাজার ও মানিকনগর বাজারে চায়না দুয়ারী জাল বিক্রি হয় মর্মে তথ্য পাওয়া যায়। পদ্মা নদীতে চায়না দুয়ারী দ্বারা মাছের পোনাসহ মাছ ধরা হচ্ছে। ফলে নদীতে মাছের উৎপাদনে ব্যাপক বিঘ্ন ঘটছে। চায়না দুয়ারী ক্রয় বিক্রয় ও ব্যবহারকারীদের মোবাইল কোর্টের মাধ্যমে জেল প্রদান করা প্রয়োজন। | ণ) চায়না দুয়ারী জাল ক্রয় বিক্রয় বন্ধ করতে ঝিটকা বাজার ও মানিকনগর বাজারে পুলিশ টহলসহ মোবাইল কোর্ট পরিচালনা করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার<br>অফিসার ইনচার্জ<br>উপজেলা মৎস্য কর্মকর্তা |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ শাহরিয়ার রহমান
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

স্মারক নং০ ০৫.৩০.৫৬২৮.০০০.০৬.০০২.২৩- ৪২০ /১(৩০)

তারিখ: ১২/০৬/২০২৩খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
০৪। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৬। ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৭। অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা।
০৮। উপজেলা .................................. কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
০৯। চেয়ারম্যান, .................................. ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
১০। জনাব ..............................................
১১। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

CamScanner